গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন-২ শাখা
www.mor.gov.bd

নং-৫৪.০০.০০০০.০৩৫.০৬.০০৫.২০২০-১১

তারিখ: ১৯ মাঘ ১৪২৭ / ০২ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: এপিএ টিমের মাসিক সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে ২৫.০১.২০২১ তারিখে অনুষ্ঠিত রেলপথ মন্ত্রণালয়ের এপিএ টিমের মাসিক সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হ'ল।
সংযুক্তি: বর্ণনামতে (পাতা-১)।

(ওয়াহেদুর রশীদ)
সহকারী সচিব
ime2@mor.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা;
২। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন ও পরিকল্পনা/অডিট ও আইসিটি) রেলপথ মন্ত্রণালয়, ঢাকা;
৩। সরকারি রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, ফু লবাড়ীয়া, ঢাকা;
৪। জনাব আ.ন.ম. আজিজুল হক, যুগ্মপ্রধান (পরিকল্পনা), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
৫। জনাব জনাব মোহাং শওকত রশীদ চৌধুরী, যুগ্ম সচিব (বাজেট), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
৬। জনাব মোঃ জর্জিসুর রহমান, উপসচিব (উন্নয়ন-৩), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
৭। জনাব মীর আলমগীর হোসেন, উপসচিব (প্রশাসন-৪), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
৮। জনাব মুহাম্মদ আব্দুস সালাম, উপসচিব (প্রশাসন-১), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা; এবং
৯। জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম, উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে):

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
২। সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
৩। জনাব মোঃ শামীমুর রহমান, সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (নীতি ও মূল্যায়ন) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা;
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৫। অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) এর ব্যক্তিগত কর্মকর্তা,রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা; এবং
৬। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন-২ শাখা
www.mor.gov.bd

রেলপথ মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের নিমিত্ত এপিএ টিমের জানুয়ারি ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ সিরাজুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) |
| তারিখ | : | ২৫ জানুয়ারি ২০২১ |
| সময় | : | সকাল ১১.০০ টা |
| স্থান | : | অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) এর অফিস কক্ষ<br>(কক্ষ নং-৯২৫, ৯ম তলা), রেলভবন, ঢাকা। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সন্নিবেশ করা হলো।

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের জারিকৃত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২০- ২১ এর ৯ নং অনুচ্ছেদে এপিএ টিমের সদস্যদের নিয়ে প্রতি মাসে সভা অনুষ্ঠানের বাধ্যবাধকতা রয়েছে। সে বিবেচনায় অদ্যকার সভা ২০২০-২১ অর্থবছরে জানুয়ারি মাসে অনুষ্ঠিত ৭ম সভা। করোনাভাইরাসজনিত মহামারীর কারণে পরিবর্তিত পরিস্থিতিতে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা যথাযথ অনুসরণপূর্বক রেলপথ মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরে এপিএ'র নির্ধারিত লক্ষ্যমাত্রা যথাযথ বাস্তবায়নের ওপর সভাপতি গুরুত্বারোপ করেন। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য তিনি এপিএ টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা, জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম, উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন) কে আহবান জানান। ফোকাল পয়েন্ট কর্মকর্তা আলোচ্যসূচি অনুসরণে সংশ্লিষ্ট বিষয় উপস্থাপন করেন। সভায় নিম্নরূপ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ক) গত ২৮/১২/২০২০ তারিখে অনুষ্ঠিত মাসিক সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা। | | ২(খ) ও ২(গ)-এর বিষয়ে কোন সিদ্ধান্ত নেই। |
| **সিদ্ধান্ত-২(খ):** ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সংশোধনী; | মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত কর্মসম্পাদন সূচকের সংশোধনীর অনুমোদন পত্রের ছায়ালিপি ১৪ ডিসেম্বর ২০২০ তারিখে মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে-কে প্রেরণ করা হয়েছে। | |
| **সিদ্ধান্ত-২(গ):** ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক প্রতিবেদন প্রস্তুত ও প্রমাণক সংগ্রহের প্রস্তুতি; | ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর ২০২০) ও অর্ধবার্ষিক (জুলাই- ডিসেম্বর ২০২০) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ গত ১৪ জানুয়ারি ২০২১ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের এপিএএমএস সফটওয়্যারে আপলোড করা হয়েছে। | |

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| খ) ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক প্রতিবেদন পর্যালোচনা | ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক প্রতিবেদন প্রমাণকসহ গত ১৪ জানুয়ারি ২০২১ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের এপিএএমএস সফটওয়্যারে আপলোড করা হয়েছে। এ বিষয়ে আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হবে। | সংশোধিত কর্মসম্পাদন সূচকের আলোকে কার্যক্রম বাস্তবায়নপূর্বক প্রমাণকসহ এপিএ টিমকে কপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো। |
| গ) বাংলাদেশ রেলওয়ে-এর ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক প্রদান | বাংলাদেশ রেলওয়ে-এর ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক প্রতিবেদন কর্মসম্পাদন সূচকওয়ারী এপিএ টিম কর্তৃক পর্যালোচনা করা হয়। বাংলাদেশ রেলওয়ের এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে আরও সচেষ্ট হতে সভাপতি উপস্থিত বাংলাদেশ রেলওয়ের প্রতিনিধিকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখের মধ্যে বাংলাদেশ রেলওয়ের এপিএ'র অর্ধবার্ষিক মূল্যায়নের ফলাবর্তক প্রদানের বাধ্যবাধকতা রয়েছে বলে সভায় জানানো হয়েছে। | ১) ২০২০-২১ অর্থবছরের বাংলাদেশ রেলওয়ের এপিএ'র অর্ধবার্ষিক প্রতিবেদন মন্ত্রণালয়ের এপিএ টিম কর্তৃক মূল্যায়ন সম্পন্ন করা হলো।<br>২) নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। |

৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০১.০২.২০২১

(মোঃ সিরাজুল ইসলাম)
এপিএ টিম লিডার
এবং
অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ)
রেলপথ মন্ত্রণালয়